

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৭ নভেম্বর, ২০২২খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭/১১/২০২২ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপপরিচালক জনাব মো: আব্দুস সোবহান এর নেতৃত্বে "টাউনহল কৌচাবাজার" মোহাম্মদপুর ঢাকাতে সমন্বিত মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতেই রামগঞ্জ মাংস বিতান নামের মাংসের দোকানে বিক্রয়ের জন্য মজুদকৃত মাংসের যথাযথ চালান প্রদর্শনে ব্যর্থ হয়। ঘটনাস্থলে যেসকল অনিয়ম পাওয়া যায় সেগুলো দোকান মালিক মো: জাবেদ হোসেন আগামী ০৭দিনের মধ্যে সমাধান করার আদেশ প্রদান করা হয়। পরবর্তিতে মাছের দোকান গুলোতে মাছ যাচাই করতঃ ধরা এবং বিক্রি নিষিদ্ধ বাঘাইর মাছ জন্ড ও পরবর্তিতে ধ্বংস করা হয়। এরপর মেসার্স মীম জেনারেল স্টোর নামক দোকানে বোতলজাতকৃত খাবার রং খুচরা আকারে বিক্রি করতে দেখা যাওয়ায় দোকান মালিক মো: রফিক আগামী ০৭ দিনের মধ্যে সমাধান করার আদেশ প্রদান করা হয়। সবশেষে ডিমের বাজার পরিদর্শনকালে মেসার্স সোহেল এন্টারপ্রাইজ নামক দোকানে একটি সুনামধন্য প্রতিষ্ঠানের নামের সীল ব্যবহারপূর্বক ডিম বিক্রি করতে দেখা যাওয়ায় দোকান মালিক মো: জাবেদ হোসেন কে সতর্ক করা হয়।

অভিযান শেষে মাছ-মাংসসহ অন্যান্য খাদ্য ব্যবসায়ীদের উদ্দেশ্যে খাদ্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সঠিক নিয়ম অনুসরণের নির্দেশনা দেয়া হয় ও লিফলেট বিতরণ করা হয়।

অভিযানকালে জেলা মৎস্য কর্মকর্তা জনাব মোস্তফা কামাল; জনাব সুরত কুমার দাস (অতিরিক্ত উপ-পরিচালক), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; জনাব প্রসেনজিৎ সিকদার (গবেষণা কর্মকর্তা), ফুড প্ল্যানিং এন্ড মনিটরিং ইউনিট; মৎস্য অধিদপ্তর, প্রানীসম্পদ অধিদপ্তরের ১ জন প্রতিনিধি এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাহবুব হাসান; মনিটরিং অফিসার জনাব মোহাম্মদ ইমরান হোসেন মোল্লা ও জনাব মোঃ আসলাম উদ্দীন; নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব ছানোয়ার হোসেন ও জনাব মোহাং কামরুল হাসান; বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্টিং স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

(ড. সহদেব চন্দ্র সাহা)  
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ  
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd  
ফোনঃ ২২২২২৩৪৮১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।